দৈনিক
ইত্তেফাক

তারিখ : 01 DEC 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

# ফুলবাড়িয়া কলেজ সরকারিকরণের আশ্বাসে আন্দোলন স্থগিত

## ইউএনওকে জনতার ধাওয়া

■ ময়মনসিংহ প্রতিনিধি

ফুলবাড়িয়া ডিগ্রি কলেজ সরকারিকরণে ধর্মমন্ত্রীর আশ্বাসের পরিপ্রেক্ষিতে এক মাসের জন্য আন্দোলন স্থগিত করা হয়েছে। গতকাল বুধবার স্থানীয় সার্কিট হাউসে ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের মধ্যস্থতায় আন্দোলনকারীদের সাথে বৈঠকের পর শিক্ষক নেতৃবৃন্দ এ ঘোষণা দেন।

বৈঠকে ধর্মমন্ত্রী ছাড়াও অ্যাডভোকেট মোসলেম উদ্দিন, ময়মনসিংহের বিভাগীয় কমিশনার জি এম সালেহ উদ্দিন এমপি. ডিআইজি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন, জেলা প্রশাসক মো. খলিলুর রহমান, কলেজ সরকারিকরণ দাবি আদায় কমিটির আহবায়ক এস এম আবুল হাসেম প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠক শেষে এস এম আবুল হাসেম জানান, কলেজ সরকারিকরণ ও কলেজ গভার্নিং বডির সভাপতির পদ থেকে এমপি মোসলেম উদ্দিন ও অধ্যক্ষের পদ থেকে নাসির উদ্দিন খান পদত্যাগ করবেন এমন আশ্বাসের পরিপ্রেক্ষিতে এক মাসের জন্য আন্দোলন স্থগিত করার সিদ্ধান্ত হয়েছে।

পুলিশের সাথে আন্দোলনকারীদের সংঘর্ষের ঘটনার পর কলেজ ক্যাম্পাসসহ পৌর এলাকায় গত ২৮ নভেম্বর ১৪৪ ধারা জারির একদিন পর ২৯ নভেম্বর রাতে ১৪৪ ধারা প্রত্যাহারের পর গতকাল বুধবার কলেজ খুলেছে।

জাতীয় মানবাধিকার কমিশনের গঠিত কমিটির প্রধান কমিশনার গতকাল, ঘটনাস্থল পরিদর্শন এবং আহত ছাত্র-শিক্ষকের সাথে কথা বলেছেন। তদন্ত কমিটির প্রধান অধ্যাপক আখতার হোসেন বলেন, বেঁচে থাকার অধিকার হলো মানবাধিকার। সেই অর্থে এখানে শিক্ষকসহ দুইজন নিহত হওয়ায় মানবাধিকার লঙ্ঘিত হয়েছে। এ ঘটনায় বৃহস্পতিবার প্রাথমিক তদন্ত প্রতিবেদন ও এক সপ্তাহ পর চূড়ান্ত প্রতিবেদন দাখিল করব।

এদিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা লীরা তরফদার তদন্ত কমিটির সাথে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করলে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীদের ধাওয়া খেয়ে পুলিশ পাহারায় কলেজ ক্যাম্পাস থেকে দৌড়ে দ্রুত পালিয়ে যান। এ ব্যাপারে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করেও পাওয়া যায়নি তাকে।

গত ২৭ নভেম্বর আন্দোলনরত শিক্ষক শিক্ষার্থীদের উপর পুলিশের লাঠি চার্জে শিক্ষকসহ দুইজন নিহত ও অর্ধশত আহত হয়। গত ১৫ অক্টোবর থেকে শিক্ষক-শিক্ষার্থীরা আন্দোলন করে আসছেন। সংঘর্ষের ঘটনায় পুলিশের তিনটি, শিক্ষা মন্ত্রণালয়ের একটি ও জেলা প্রশাসকের একটি, মানবাধিকার কমিশনের কমিটিসহ ছয়টি তদন্ত কমিটি গঠিত হয়েছে।